গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৯/০৮/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২৫ তম সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৯ আগষ্ট ২০১৭ ; সকাল ১১.০০ ঘটিকায় ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপ-পরিচালক ও সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভায় উল্লেখযোগ্য সংখ্যক সদস্যদের অনুপস্থিতিতে উষ্মা প্রকাশ এবং অনুপস্থিতির তালিকা প্রকাশ বিষয়ে আলোচনা হয় । কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৯টি সুপারিশ গৃহীত হয়েছিল । গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, যারা মেন্টর হিসাবে ইনোভেটরদের সাথে কাজ করছেন তাদের মেন্টিদের সাথে যোগাযোগ থাকলেও তা যৌক্তিক ও অর্থবহ হচ্ছে না । মেন্টরিং ব্যবস্থাকে কার্যকরী করার জন্য বিগত সভার সুপারিশ মাফিক স্মারক নং ৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬.৫৫, তারিখ-২২/০৮/২০১৭ খ্রিঃ এই পত্রের মাধ্যমে ইনোভেটরদের নাম ও উদ্যোগের নাম, মেন্টরের নাম কার্যাবলীর নির্দেশনা দেয়া হয়েছে। নির্দেশ মাফিক মেন্টরগণ মেন্টিদের সাথে যোগাযোগ করে তাদের করণীয় নির্ধারণ করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে তা বাস্তবায়ন করতে সহায়তা প্রদান করবেন। গত জুলাই ২০১৭ মাসে A2i এর সহায়তায় ইনোভেশন টিমের সকল সদস্য এবং প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ মেন্টরিংবিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। কাজেই এখন হতে মেন্টিদের নিয়ে কাজ করা অধিকতর যৌক্তিক, সহজ ও অর্থবহ হবে এবং ফলাফল অর্জনে সহায়ক হবে।

সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কার্যক্রমের তথ্যচিত ও অগ্রগতি সোসাল মিডিয়ায় নিয়মিত প্রচারের উপর গুরুত্বারোপ করা হয় এবং মন্ত্রিপরিষদের সভায় অসন্তোষের বিষয়ে সচেতন থাকার আলোচনা হয়। Face book page এর upload এর ত্রুটি দূর করার ব্যাপারে আলোচনা হয়। কমিটির সদস্যগণকে ওয়েব সাইটের blog এ তাদের মতামত তুলে ধরার বিষয়ে আলোচনা হয়। সভায় ইনোভেশন কমিটিতে জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) কে কো-অপ্ট করা হয় এবং তাকে সোসাল মিডিয়ায় প্রচার কাজ মনিটরিং এবং পরবর্তী সভায় অগ্রগতির তথ্যচিত্র তুলে ধরতে অনুরোধ করা হয়।

২। সভায় জানানো হয় যে, ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ইনেভেটরদের সম্মাননা প্রদানের বিষয়টি এখনও বাস্তবায়িত হয়নি। এতে সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করে আগামী সভার পূর্বে তা প্রস্তুত করতে নির্দেশনা প্রদান করেন ।

৩। এসআইএফ হতে প্রাপ্ত অর্থ ব্যবহার করে অন লাইনে প্রশিক্ষণ আবেদন প্রক্রিয়ার লক্ষ্যে মানিকগঞ্জ এবং কুমিল্লা জেলায় জানুয়ারি ২০১৭ থেকে বেজ লাইন সার্ভে এর কাজ শেষ হয়েছে বলে সভাকে জানানো হয়, কিন্তু পরবর্তী করনীয় বিষয়ে A2i এর সংশ্লিষ্টগণের সাথে যোগাযোগ করে তেমন কোন অগ্রগতি হচ্ছেনা, বিষয়টি অবহিতকরে এটুআইকে এ পত্র দেয়ার বিষয়ে আলোচনা ও সুপারিশ গৃহীত হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয় ।

**সুপারিশ :**

০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যের নামের বিপরীতে বর্ণিত ইনোভেটর (মেন্টিগনের) জন্য নির্বাচিত বিষয়ে মেন্টরশীপ প্রদান করে পরবর্তী ৬ মাসের মধ্যে পত্রে প্রদত্ত গাইড লাইন মাফিক কাজ শেষ করার উদ্যোগ নিতে সুপারিশ গৃহীত হয়।

০২। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যাবলী সমাপ্ত করা। এ ব্যাপারে অগ্রগতি তরান্বিত করতে এটুআই এ পত্র দেয়া/ আলাপ করে দ্রুত কাজ শেষ করা ;

০৩। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;

০৪। Facebook Page এর Upload সংক্রান্ত ত্রুটি দূর করা;

০৫। যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে blog কে active রাখার ব্যবস্থা করা;

০৬। মাঠ পর্যায়ে ইনোভেটরদের সম্মাননা প্রদানের ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেয়া (পরবর্তী সভার পূর্বে);

০৭। মেন্টি বদলী হয়ে যে কার্যালয়ে যাবে সেই কার্যালয়ে ইনোভেশন উদ্যোগ বাস্তবায়ন করা ;

০৮। ইনোভেশন টিমে জনাব জিয়াউর রহমান, প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) কে কো-অপ্ট করা ;

০৯। প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের মেন্টর ট্রেনিং প্রাপ্তদের নির্দেশনাসহ পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয় ।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২১.০৯.১৭


(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com


স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ৬৩ তারিখঃ ২১/০৯/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জনাব------------------------------------------------- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। সংশ্লিষ্ট নথি ।

২১/০৯/২০১৭


(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার) ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

## পরিশিষ্ট "ক"

২৯/০৮/২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আব্দুর রেজ্জাক<br>উপ-পরিচালক (প্রোগ্রামার) | স্বাক্ষরিত |
| ২ | জনাব মোঃ হামিদুর রহমান<br>উপ-পরিচালক (চঃদাঃ) (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৩ | মোঃ শাহীনূর রহমান<br>সহকারী পরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৪ | জনাব আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা) | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ জিয়াউর রহমান<br>প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) সংযুক্ত আইসিটি সেল | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্য

| ক্রমিক নং | নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচালক (প্রশিক্ষণ) | পবিত্র হজ্জের ছুটিতে |
| ২ | জনাব এ কে এম মফিজুল ইসলাম<br>উপপরিচারক (অর্থ ও অডিট) | পবিত্র হজ্জের ছুটিতে |
| ৩ | জনাব ফরহাত নূর<br>উপপরিচালক (চঃদাঃ) (বাস্তবায়ন) | -- |
| ৪ | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক (চঃদাঃ) (পরিকল্পনা) | -- |
| ৫ | সৈয়দ আব্দুল কাইয়ুম<br>উপপরিচালক (চঃদাঃ)(পরিকল্পনা) | -- |
| ৬ | জনাব মোঃ আতিকুর রহমান<br>উপপরিচালক (চঃদাঃ) (বাস্তবায়ন) | -- |